শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দেশের ৬৫৩ টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৬৪, সোনারগাঁও রোড, (এলিফ্যান্ট রোড)
হাতিরপুল, ঢাকা-১২০৫।
E-mail: pd.mmcr2018@gmail.com

স্মারক নং-মামি/ক্লাসরুম/২০১৮/১৮১ — তারিখ : ২৩-১২-২০১৮

বিষয় : "দেশের ৬৫৩টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্পে" বিষয়ে অবহিত করণ এবং প্রকল্পের GDS-01 (lot-1 & lot-2) এর ৩২২টি তালিকাভুক্ত মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুমের জন্য শ্রেণীকক্ষ প্রস্তুত রাখা প্রসঙ্গে।

**সূত্র : মাদরাসা অধিদপ্তরের চিঠির স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৭.০৫.০০৩.১৭-১৯৮ তারিখ : ১১/১২/২০১৮**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদরাসা শিক্ষাকে যুগপযোগী তথ্য প্রযুক্তি নির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন "দেশের ৬৫৩টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাশরুম স্থাপন প্রকল্প" বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে ডিপিপি অনুসারে GDS-01 (lot-1 & lot-2) প্যাকেজের অন্তর্ভুক্ত (Laptop, Multimedia Short Throw Projector, UPS, Interactive Whiteboard, Stereo Speaker, Modem Etc) মালামাল Installation এর মাধ্যমে ৩২২টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাশরুম স্থাপনের কাজ অতি দ্রুততম সময়ের মধ্যে শুরু করা হবে। এতদসাথ প্রকল্পের সংক্ষিপ্ত তথ্যসহ তাঁর উপজেলাধীন প্রকল্পভুক্ত মাদরাসার তালিকা সংযুক্ত করা হলো।

২। প্রকল্পের GDS-01 (lot-1 & lot-2) এর তালিকাভুক্ত ৩২২টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের জন্য প্রতি মাদরাসায় ১টি করে উপযুক্ত শ্রেণীকক্ষ (অবশ্যই চালু বৈদ্যুতিক সংযোগসহ পাকা কক্ষ) প্রস্তুত রাখার নিমিত্ত মাদরাসা শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোল্লিখিত স্মারকমূলে জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে ইতোমধ্যে পত্র প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায় তাঁর উপজেলাধীন তালিকাভুক্ত মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের নিমিত্ত উপযুক্ত ১টি শ্রেণীকক্ষ (অবশ্যই চালু বৈদ্যুতিক সংযোগসহ পাকা কক্ষ) চিহ্নিতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণসহ নিম্নোক্ত ছকে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও মাদরাসার তথ্য প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।

**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তথ্য :**

| জেলা/উপজেলার নাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নাম | ফোন ও মোবাইল নম্বর | ই-মেইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**প্রকল্পে তালিকাভুক্ত মাদরাসার তথ্য :**

| ক্রমিক নং | জেলা/উপজেলার নাম | প্রকল্প তালিকাভুক্ত মাদরাসার নাম ও পূর্ণ ঠিকানা | অধ্যক্ষ/ সুপারিনটেনডেন্ট এর নাম | ফোন ও মোবাইল নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১ | | | | | |

সংযুক্তি : ১। "দেশের ৬৫৩টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন" প্রকল্পের বিষয়ে সংক্ষিপ্ত তথ্য।
২। বর্ণনামতে তাঁর উপজেলার প্রকল্পভুক্ত মাদরাসার তালিকা।

২৩/১২/২০১৮

(খোন্দকার সিরাজুল ইসলাম)
প্রকল্প পরিচালক
দেশের ৬৫৩ টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
ফোন : ০২-৪১০৬০০৯২

প্রাপক :
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ------------------------------।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :
১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
২। জেলা শিক্ষা কর্মকর্তা -------------------------।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা--------------------------------।

## "দেশের ৬৫৩টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প" এর সংক্ষিপ্ত তথ্য

প্রকল্পের মেয়াদ কাল : ০১-০৭-২০১৭ থেকে ৩১-১২-২০১৯।

মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের তারিখ : ২৯-১০-২০১৭।

পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদনের তারিখ : ০৫-১১-২০১৭।

করিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদনের তারিখ : ২২-১১-২০১৭।

প্রকল্পে বরাদ্দকৃত টাকার পরিমাণ : ৩০৬৪.৭৭ লক্ষ টাকা।

প্রকল্পে তালিকাভুক্ত মাদরাসার সংখ্যা : ৬৫৩টি। (প্রতি মাদরাসায় ১টি করে শ্রেণীকক্ষ)।

**প্রকল্পের লক্ষ্যসমূহ :**

ক। সমৃদ্ধ টিচারপুল তৈরির লক্ষ্যে শিক্ষকদের দক্ষতার উন্নয়ন করা।
খ। মাল্টিমিডিয়া তথা আইসিটি ভিত্তিক শিখন-শিখানো পদ্ধতির মাধ্যমে মানসম্মত শিক্ষার্থী গড়ে তোলা।
গ। শিক্ষার্থীদের ক্লাশমুখি করার জন্য উদ্দীপনামূলক পদ্ধতির উদ্ভাবন।
ঘ। আইসিটি ব্যবহারের মাধ্যমে শিখন-শিখানো কার্যক্রমের উন্নয়ন করা।
ঙ। মাদরাসার মধ্যে শেয়ারিং করার জন্য একটি আদর্শ বিষয়বস্তু ব্যাংক ( Standard Content Bank) এবং প্লাটফর্মের উন্নয়ন।

**আউটপুট :**

ক। ২০১৯ সালের মধ্যে ৬৫৩ টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন।
খ। ৬৫৩ জন শিক্ষককে মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপকরণের ব্যাবহার এবং ইন্টারেক্টিভ লার্নিং কনটেন্ট তৈরীর প্রশিক্ষণ।
গ। মাল্টিমিডিয়া ক্লাসরুম উন্নয়ন।
ঘ। ইন্টারেক্টিভ হোয়াইটবোর্ড চালু।

**আউট কাম'স (ফলাফল ) :**

ক। মাদরাসা শিক্ষা ব্যবস্থা শক্তিশালী করা।
খ। মাদরাসা খাতে আই সি টি শিক্ষা ও আই সি টি সচেতনতা উন্নত করা।
গ। জাতীয় শিক্ষানীতি ২০১০ এর লক্ষ মাদরাসা শিক্ষার জন্য অর্জন করা।
ঘ। অনলাইন কন্টেন প্রোটল প্রতিষ্ঠিত হবে যা প্রশিক্ষিত শিক্ষকদের জন্য আপলোডিং এবং নতুন কন্টেন তৈরীতে ব্যবহৃত হবে।

**মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপকরণ সমূহ :**

ক। প্রোজেক্টর ১টি।
খ। ল্যাপটপ ১টি।
গ। ইন্টার অ্যাকটিভ হোয়াইট বোর্ড ১টি।
ঘ। ইউপিএস ১টি।
ঙ। সাউন্ড সিস্টেম ১টি।
চ। ইন্টারনেট মডেম/ ব্রডব্যন্ড কানেকশন ১টি। ও
ছ। প্রশিক্ষণ।

প্রকল্প বাস্তবায়ন মন্ত্রণালয়ের নাম : কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর : মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
প্রকল্প পরিচালক : খোন্দকার সিরাজুল ইসলাম।
সহকারী প্রকল্প পরিচালক : মোহাম্মদ তাইমুর রহমান।
প্রকল্প কার্যালয়ের ঠিকানা : ১৬৪, সোনারগাঁও রোড, (এলিফ্যান্ট রোড), হাতিরপুল, ঢাকা-১২০৫।
প্রকল্প কার্যালয়ের টেলিফোন নম্বর : ০২-৪১০৬০০৯২, ০২-৪১০৬০০৯০। ফ্যাক্স : ০২-৯৬৩৪৬৫৪।
প্রকল্প কার্যালয়ের ই-মেইল নম্বর : pd.mmcr2018@gmail.com

প্রকল্প পরিচালক
দেশের ৬৫৩ টি মাদরাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প
মাদরাসা শিক্ষা অধিদপ্তর